তথ্য অধিকার আইন,২০০৯এর ৬(৩) ধারা নির্দেশনা প্রতিপালনে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন ঃ

ভূমিকা ঃ পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ২৭ মে, ১৯৯৯ ইং তারিখে প্রতিষ্ঠা লাভ করে। বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থাপনায় প্রতিটি জেলা এবং উপজেলায় অবস্থিত ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ এবং জেলা পরিষদ সহ অন্যান্য জনপ্রতিনিধিত্বকারী স্থানীয় সরকার প্রতিষ্ঠান হতে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ এর আইন, কার্যক্রম এবং অধিক্ষেত্র পৃথক হওয়ায় এ প্রতিষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনা ও কার্যক্রম সকল শ্রেণীর নাগরিকের নিকট উপস্থাপন করা প্রয়োজন। এ প্রেক্ষিতে তথ্য অধিকার আইন-২০০৯ এর নির্দেশনা বাস্তবায়নে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কর্তৃক ‘তথ্য সহায়িকা’ প্রকাশ করা হয়েছে।

পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের সাংগঠনিক কাঠামো ঃ

চেয়ারম্যান পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের প্রধান। ২১জন সদস্য নিয়ে পরিষদ গঠিত। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইন অনুযায়ী সরকারের যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা এ পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা হতে পারেন। এছাড়া উপসচিব পর্যায়ের ০২ জন নির্বাহী কর্মকর্তার, ০৪ জন সহকারী নির্বাহী কর্মকর্তা, ০১ জন একান্ত সচিব, ০১জন সহকারী একান্ত সচিব, ০১জন জনসংযোগ কর্মকর্তা, ০১ জন পরিকল্পনা কর্মকর্তা, ০১জন হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা মোট ১২ জন ৫ম-৯ম গ্রেডের কর্মকর্তাসহ ১৩-২০ গ্রেডের ৬১টি পদসহ মোট ৭৩টি পদের কর্মকর্তা কর্মচারীর সমন্বয়ে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের সাংগঠনিক কাঠামো গঠিত। বর্তমানে ০১ জন উপসচিব পর্যায়ের নির্বাহী কর্মকর্তা, ০১ যুগ্ম সচিব পর্যায়ের নির্বাহী কর্মকর্তা, ০১জন মাননীয় চেয়ারম্যানের সহকারী একান্ত সচিব এবং ১৩-২০ গ্রেডের ৪৫ জন কর্মচারীসহ সর্বমোট ৪৮ জন কর্মরত আছেন।

পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের কার্যাবলী ঃ

পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইন,১৯৯৮ (১৯৯৮ সনের ১২ নং আইন)এর ২৪ ধারা অনুসারে এ পরিষদের কার্যাবলী পরিষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসারে অথবা চেয়ারম্যান, সদস্য এবং বিধিবদ্ধভাবে নির্ধারিত ক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হবে। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইন-১৯৯৮ এর ১২ নং আইন এর ২২ ধারায় বর্ণিত কার্যাবলী সম্পাদন করে, যথাঃ

“(ক) পার্বত্য জেলা পরিষদের অধীনে পরিচালিত সকল উন্নয়ন কর্মকান্ডসহ উহাদের আওতাধীন এবং উহাদের উপর অর্পিত বিষয়াদি সার্বিক তত্ত্বাবধান ও সমন্বয়;

(খ) পৌরসভাসহ স্থানীয় পরিষদসমূহ তত্ত্বাবধান ও সমন্বয় সাধন;

(গ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর কার্যাবলীর সার্বিক তত্ত্বাবধান;

(ঘ) পার্বত্য জেলার সাধারন প্রশাসন, আইন শৃঙ্খলা ও উন্নয়নের তত্ত্বাবধান ও সমন্বয় সাধন;

(ঙ) উপজাতীয় রীতিনীতি, প্রথা ইত্যাদি এবং সামাজিক বিচার সমন্বয় ও তত্ত্বাবধান;

(চ) জাতীয় শিল্পনীতির সহিত সংগতি রাখিয়া পার্বত্য জেলাসমূহে ভারী শিল্প স্থাপনের লাইসেন্স প্রদান;

(ছ) দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ কার্যক্রম পরিচালনা এবং এনজিও কার্যাবলীর সমন্বয় সাধন;”

বর্নিত কার্যাবলীসমূহ সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদে নিম্নবর্ণিত চারটি শাখা রয়েছে।

***প্রশাসন ও সেবা শাখা:** প্রশাসনিক যাবতীয় কার্যাবলীসহ পরিষদের কর্মকর্তা, কর্মচারী, সদস্যদের নিয়োগ, পদোন্নতি, বদলী, ছুটি এ শাখার মাধ্যমে সম্পাদিত হয়।

*** অর্থ শাখা:** অর্থ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের সম্মাণী, কর্মকর্তা, কর্মচারীদের বেতন, ভাতা, বাজেট, যাবতীয় বিদ্যুৎ বিল, পানি বিল, জ্বালানী বিল, বিজ্ঞাপন বিল ইত্যাদি কার্যাবলী এ শাখার মাধ্যমে সম্পাদিত হয়।

*** উন্নয়ন শাখা:** উন্নয়ন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী, স্থানীয়, জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ের এনজিও সংক্রান্ত কার্যাবলী এ শাখার মাধ্যমে সম্পাদিত হয়।

*** আইন ও ভূমি শাখা :** আইন ও ভূমি সংক্রান্ত যাবতীয় কার্যাবলীসহ প্রবিধানমালা প্রণয়ণ, আইনের সংশোধনী প্রস্তাব প্রেরণ, ভূমি সংক্রান্ত আবেদনসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত কার্যাবলী এ শাখার মাধ্যমে সম্পাদিত হয়।

পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের www.chtrc.gov.bd ঠিকানা সম্বলিত ওয়েব সাইটে সকল তথ্য সন্নিবেশ করা হয়েছে। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের chtrc@yahoo.com ঠিকানা সম্বলিত ই-মেইলের মাধ্যমে বিভিন্ন মন্ত্রনালয়/ বিভাগ/দপ্তর/সংস্থার সাথে তথ্য আদান প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদে rcofficersgroup@gmail.com ঠিকানা সম্বলিত একটি গ্রুপ মেইল খোলা হয়েছে। তথ্য অধিকার আইনের আওতায় বিগত ০৬/০৪/২০১৬ খ্রিঃ তারিখে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ হতে তথ্য সহায়িকা প্রণয়ণ করা হয়েছে এবং পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের ওয়েবসাইটে তা প্রকাশ করা হয়েছে।এছাড়া পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের ওয়েবসাইটে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেমন টিম, ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম, জাতীয় শুদ্ধাচার কৌশল, নৈতিদকা কমিটি, সিটিজেন চার্টার, দুদুক হটলাইন লিংক স্থাপন ইত্যাদি, পার্বত্য চট্টগ্রাম সম্পর্কিতবিবিধ আইন, তথ্য অধিকার আইন, তথ্য কর্মকর্তা, তথ্য সুরক্ষা বিধিমালা ইত্যাদি বিবিধ বিষয় সন্নিবেশ করা হয়েছে।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগঃ তথ্য অধিকার আইন,২০০৯ এর ধারা ১০ মোতাবেক পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে।

দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা

কর্মকর্তার নাম	ঃ সুবর্না চাকমা
পদবি	ঃ নির্বাহী কর্মকর্তা
ফোন	ঃ ০৩৫১-৬১২২৪
ই-মেইল	ঃ chtrc@yahoo.com

ঠিকানাঃ পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়, নিউকোর্ট রোড,রাঙ্গামাটি।

২০১৮-২০১৯ অর্থবছরে এ পরিষদে তথ্য প্রাপ্তির জন্য কোন আবেদন দাখিল করা হয়নি।